ঝিনাইদহে সমৃদ্ধি প্রকল্পের অভিজ্ঞতা বিনিময় সভা

ঝিনাইদহে হোম বেইজড গার্মেন্টস নারী শ্রমিকদের সুরক্ষা, অধিকার ও মর্যাদা (সমৃদ্ধি) প্রকল্পের অভিজ্ঞতা বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (১৯মার্চ) সকালে ঝিনাইদহ সদর উপজেলা পরিষদ মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়। সমৃদ্ধি প্রকল্পের জেলা জোটের সভাপতি আমিনুর রহমান টুকুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী।

বিশেষ অতিথি ছিলেন সরকারি নুরুন্নাহার মহিলা কলেজের সাবেক উপাধ্যক্ষ এন এম শাহজালাল, সদর থানার নারী ও শিশু, বয়স্ক ও প্রতিবন্ধি হেলথ ডেক্স’র কর্মকর্তা এস আই ডলি রানী সরকার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মিজানুর রহমান, পৌরসভার কাউন্সিলর ফারহানা রেজা আঞ্জু। অনুষ্ঠান পরিচালনা করেন ওয়েলফেয়ার এফোর্টস (উই)’র পরিচালক শরীফা খাতুন।

অনুষ্ঠানে জানানো হয়, পরিবার, সমাজ ও রাষ্ট্রে হোম বেইজড নারী গার্মেন্টস নারী শ্রমিকদের কাজের স্বীকৃতি, ন্যায্য মজুরী ও মর্যাদা ও ক্ষমতায়িত হবার মাধ্যমে তাদের সার্বিক কল্যাণ বৃদ্ধি করতে ২০২২ সালের অক্টোবর থেমে ঝিনাইদহে সমৃদ্ধি প্রকল্পের কাজ শুরু হয়। অক্সফ্যাম ইন বাংলাদেশ’র সহযোগিতা এই প্রকল্প বাস্তবায়ন করে উই। ঝিনাইদহ পৌরসভা ও সদর উপজেলার কালীচরণপুর এবং পাগলা কানাই ইউনিয়নে এই প্রকল্প চলমান ছিলো। মার্চে এক প্রকল্পের কাজ শেষ হচ্ছে। প্রকল্প চলমান থাকা অবস্থায় ৫০০ জনকে জেন্ডার ভিত্তিক, ৫০০ জনকে দর্জি সেলাই প্রশিক্ষণসহ হোম বেইজড গার্মেন্টস নারী শ্রমিকদের নানা বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।